

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৩৭৫

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالى)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - আল্লাহ তা'আলার রহমতের ব্যাপকতা

### আরবী

عَنْ عُقْبَةً بْن

عَامِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ مَثَلَ الَّذِي يعْمل السَّيئَة ثُمَّ يَعْمَلُ الْحَسَنَاتِ كَمَثَلِ رَجُل كَانَتْ عَلَيْهِ دِرْعٌ ضَيِّقَةٌ قَدْ خَنَقَتْهُ ثُمَّ عَمِلَ حَسَنَةً فَانْفَكَّتْ حَلْقَةٌ ثُمَّ عَمِلَ أُخْرَى فَانْفَكَّتْ أُخْرَى حَتَّى تَخْرُجَ إِلَى الْأَرْضِ»

رَوَاهُ فِي شَرْحِ السّنة

#### বাংলা

২৩৭৫-[১২] উকবাহ্ ইবনু আমির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি অসৎ কাজ করার পর আবার সৎ কাজ করে, তার দৃষ্টান্ত হলো ঐ ব্যক্তির মতো, যার গায়ে সংকীর্ণ বর্ম রয়েছে এবং তা তার গলা কষে ধরেছে। অতঃপর সে কোন সৎ কাজ করল যাতে তার একটি গিরা খসে পড়ল। অতঃপর আর একটি সৎ কাজ করল এতে আর একটি গিরা খুলে গেল। পরিশেষে বর্মটি খুলে মাটিতে পড়ে গেল। (শারহুস্ সুন্নাহ্)[1]

## ফুটনোট

[1] সহীহ : আহমাদ ১৭৩০৭, মু'জামুল কাবীর লিত্ব ত্বারানী ৭৮৩, শারহুস্ সুন্নাহ ৪১৪৯, সহীহাহ্ ২৮৫৪, সহীহ আতৃ তারগীব ৩১৫৭, সহীহ আল জামি' ২১৯২।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (کَانَتُ عَلَيْهِ دِرْعٌ) এটি এমন একটি জামা যা বোতাম ও লোহা দ্বারা তৈরি। শক্রর আক্রমণ থেকে আত্মরক্ষার্থে যা পরিধান করা হয়।

(حَتَّى تَخْرُجَ إِلَى الْأَرْضِ) वर्था९- পরিশেষে ঐ বর্মটি খুলে পড়ে যায়। ইমাম ত্বীবী বলেন, পরিশেষে সম্পূর্ণরূপে



খুলে যায় এবং পরিধানকারী তার সংকীর্ণতা থেকে বেরিয়ে আসে।

হাদীস থেকে উদ্দেশ্য হল, নিশ্চয়ই পাপ কাজ করা কর্তার অন্তরকে সংকীর্ণ করে, তাকে তার বিষয়ে পেরেশানী করে, তাকে সে বিষয়ে জটিলতা সৃষ্টি করে ফলে তার বিষয়াবলী তার কাছে সহজ হয় না, তার অন্তর কালো হয়ে যায়, তার ওপর তার রিযক সংকীর্ণ হয়ে যায় ও তাকে মানুষের কাছে ঘৃণিত করে। আর যখন ভালো কাজ করে তখন ভালো কাজ তার মন্দ কর্মের পাপকে দূর করে। যেমন আল্লাহ বলেন, إنَّ الْحَسَنَاتِ يُذْهِبْنَ السَّيْنَاتِ أَلْحُسَنَاتِ مُعْدِي السَّيْنَاتِ الْحَسَنَاتِ يُوْهِبْنَ السَّيْنَاتِ مُعْدِي المَّمَة হয় আর বখন পাপ দূর হয়ে যায় তখন তার অন্তর ও তার রিযক প্রশন্ত হয়। তার অন্তর শান্তি পায়, তার বিষয়াবলী সহজ হয় এবং মানুষের অন্তরে সে প্রিয় হয়ে যায়। সুতরাং হাদীসটি আল্লাহর إِنَّ الْحَسَنَاتِ يُنْهِبْنَ السَّيْنَاتِ يُنْهِبْنَ السَّيْنَاتِ وَ উপমা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন